আলমডাঙ্গার ১৩ টি ইউপি নির্বাচনে আওয়ামীলীগের চুড়ান্ত প্রার্থী ঘোষণা

অপেক্ষার অবসান ঘটিয়ে আলমডাঙ্গা উপজেলার ১৩ ইউপি নির্বাচনের চুড়ান্ত দলীয় প্রার্থী ঘোষণা করেছেন ক্ষমতাসীন দল আওয়ামীলীগ। গতকাল শুক্রবার রাতে আওয়ামীলীগের স্থানীয় সরকার জনপ্রতিনিধি মনোনয়ন বোর্ডের সভায় এ তালিকা চুড়ান্ত করা হয়। সারাদেশের ন্যায় আগামী ২৮ নভেম্বর তৃতীয় ধাপে আলমডাঙ্গার ১৩ টি ইউনিয়ন পরিষদের নির্বাচন অনুষ্ঠিত হবে।

ক্ষমতাসীন দলটিন দফতর সম্পাদক বিপ্লব বড়ুয়া স্বাক্ষরিত এক সংবাদ বিজ্ঞপ্তিতে বলা হয়, গতকালের সভায় সভাপতিত্ব করেন আওয়ামী লীগের স্থানীয় সরকার জনপ্রতিনিধি মনোনয়ন বোর্ডের সভাপতি ও প্রধানমন্ত্রী শেখ হাসিনা। দলীয় সভার সিদ্ধান্ত অনুযায়ী আলমডাঙ্গার ১৩ টি ইউনিয়নের মনোনয়ন পেলেন যারা- আলমডাঙ্গার বেলগাছি ইউনিয়ন আওয়ামীলীগের সভাপতি শ্রী সমীর কুমার দে, ভাংবাড়িয়া ইউনিয়ন আওয়ামীলীগ নেতা নাহিদ হাসনাত, হারদি ইউনিয়নের বিশিষ্ট শিক্ষানুরাগী ও ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান নুরুল ইসলাম, কুমারি ইউনিয়ন আওয়ামীলীগের সভাপতি ও চেয়ারম্যান আবু সাইদ পিন্টু, বাড়াদি ইউনিয়নের সাবেক যুবলীগের সভাপতি ও আওয়ামীলীগ নেতা আশাবুল হক, গাংনী এমদাদুল হক, খাদিমপুর ইউনিয়ন আওয়ামীলীগের সাধারণ সম্পাদক মোজাহিদুর রহমান জোয়াদ্দার, জেহালা ইউনিয়ন আওয়ামীলীগের সভাপতি ও বিশিষ্ট ব্যবসায়ী হাসানুজ্জামান হান্নান, ডাউকি ইউনিয়ন আওয়ামীলীগ সাধারণ সম্পাদক ও চেয়ারম্যান তরিকুল ইসলাম, জামজামি ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান নজরুল ইসলাম, খাসকররা ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান মোস্তাফিজুর রহমান, চিৎলা ইউনিয়নের খন্দকার আব্দুল বাতেন, কালিদাসপুর ইউনিয়ন আওয়ামীলীগের সভাপতি জয়নাল আবেদিন। দলীয় মনোনয়ন চুড়ান্তের খবর এলাকায় ছড়িয়ে পড়লে উল্লাসে মেতে ওঠে নেতাকর্মীরা।

# [redacted]

[redacted]

[redacted]

[

জাতীয় প্রচার মাধ্যম ও পত্র-পত্রিকায় দুর্ঘটনার বিষয়টি ফলাও ভাবে প্রকাশিত হয়। ২৫শে অক্টোবর ১৯৯৭ তারিখে ৯ম এশিয়া প্যাসিফিক/৭ম বাংলাদেশ রোভার মুটের আনুষ্ঠানিক উদ্বোধনের দিন রাষ্ট্রপতি ও চীফ স্কাউট বিচারপতি সাহাবুদ্দীন আহমদ-এর উপস্থিতিতে এক ভাবগম্ভীর পরিবেশে শোকবার্তা পাঠ করা হয় ও নিহতদের রুহের মাগফেরাত কামনা করে মোনাজাত করা হয়।

মেহেরপুরের ৬ ইউপিতে আওয়ামী লীগের দলীয় মনোনয়ন

তৃতীয় ধাপে মেহেরপুরের ৬টিসহ ১০০৭টি ইউপি এবং ৯টি পৌরসভায় নির্বাচন অনুষ্ঠিত হবে। আগামী ২৮ নভেম্বর এসব ইউপি ও পৌরসভার ভোট অনুষ্ঠিত হবে।
ইউনিয়ন পরিষদ নির্বাচনে অংশগ্রহণের জন্য দলীয় প্রার্থীদের মনোনয়ন দিয়েছে বাংলাদেশ আওয়ামী লীগ। গতকাল শুক্রবার বাংলাদেশ আওয়ামী লীগের সভানেত্রী ও প্রধানমন্ত্রী শেখ হাসিনা তাঁর সরকারি বাসভবনে সভা শেষে মনোনয়ন চুড়ান্ত করেন।
মেহেরপুর সদর উপজেলার দুটি এবং গাংনী উপজেলার চারটিতে এ ধাপে নির্বাচন অনুষ্ঠিত হবে। মেহেরপুর সদর উপজেলার কুতুবপুর ইউনিয়নে সাবেক চেয়ারম্যান ও ইউনিয়ন আওয়ামী লীগের সভাপতি ইদ্রিস আলী, বুড়িপোতা ইউনিয়নে বর্তমান চেয়ারম্যান শাহ জামানকে মনোনয়ন দেওয়া হয়েছে। গাংনীর রায়পুর ইউনিয়নে বর্তমান চেয়ারম্যান সাকলায়েন সেপু, ষোলটাকা ইউনিয়নে দেলবার হোসেন, ধানখোলা ই্উনিয়নে সাবেক চেয়ারম্যান আব্দুর রাজ্জাক ও কাজীপুর ইউনিয়নে রেজাউল হককে মনোনয়ন দেওয়া হয়েছে।
এর আগে গত ১৪ অক্টোবর এসব ইউপি এবং পৌরসভা নির্বাচনের তফসিল ঘোষণা করে নির্বাচন কমিশন (ইসি)। তফসিল অনুযায়ী, রিটার্নিং কর্মকর্তার কাছে চেয়ারম্যান, সাধারণ সদস্য ও সংরক্ষিত নারী সদস্য পদে মনোনয়নপত্র জমা দেওয়ার শেষ তারিখ ২ নভেম্বর। মনোনয়নপত্র বাছাই ৪ নভেম্বর ও প্রত্যাহারের শেষ সময় ১১ নভেম্বর। ভোটগ্রহণ হবে ২৮ নভেম্বর।

চিকিৎসা সেবা থেকে বঞ্চিত সে অঞ্চলেই জায়গা খুঁজতে

আলমডাঙ্গায় প্রস্তাবিত ২০ শয্যা হাসপাতাল নির্মাণ উপলক্ষে ক্রয় পূর্বক নির্ধারিত জমি পরিদর্শন করলেন এমপি ছেলুন। শুক্রবার বিকেল ৪ টার দিকে ২০ বেডের হাসপাতাল নির্মাণ ও জমিক্রয়কৃত আহবায়ক কমিটির নেতৃবৃন্দের মাধ্যমে ৩ টি প্রস্তাবিত জমি পরিদর্শন করেন। জমি সমূহ হলো-বন্ডবিল রেলগেট সংলগ্ন, উত্তরা তেলপাম্পের নিকট নার্সারি ও হাউসপুর ধানের ক্ষেত।

২০ বেডের হাসপাতাল হাউসপুর নাকি বন্ডবিলে নির্মাণ করা হবে এ নিয়ে ধোঁয়াশা কাটছে না এলাকাবাসীর। ৭ ইউনিয়নবাসী চিকিৎসা সেবা থেকে আবারো কি বঞ্চিত হবে এমনটাই দাবি করেন প্রবীন ব্যাক্তিরা।

শুক্রবার বিকেলে জমি পরিদর্শন শেষে আলমডাঙ্গার বণিক সমিতির হল রুমে এক আলোচনা সভায় উপস্থিত হয় জেলা আওয়ামীলীগের সভাপতি ও ১ আসনের এমপি সোলায়মান হক জোয়াদ্দার ছেলুন। অনুষ্ঠানে বণিক সমিতির সভাপতি আরেফিন মিয়া মিলনের সভাপতিত্বে প্রধান অতিথির বক্তব্যে এমপি ছেলুন বলেন, আমি আলমডাঙ্গায় হাসপাতাল নির্মাণ করবো। দ্রুত জমি কেনার জন্য অর্থ সংগ্রহ করুন। এ অঞ্চলে হাসপাতাল নির্মাণকে কেন্দ্র করে কেউ ঠেলাঠেলি না করে সাধারণ মানুষের চিন্তা করতে হবে। যে অঞ্চলের মানুষ চিকিৎসা সেবা থেকে বঞ্চিত সে অঞ্চলেই জায়গা খুঁজতে হবে।

জমি যত দ্রুত ক্রয় করা যাবে তত দ্রুত হাসপাতালের নির্মাণ কাজ শুরু করা হবে। অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন আলমডাঙ্গা উপজেলা আওয়ামীলীগের সভাপতি ও পৌর মেয়র হাসান কাদির গনু, আলমডাঙ্গা বণিক সমিতির সাধারণ সম্পাদক ও ২০ বেডের হাসপাতাল বাস্তবায়ন পরিষদের যুগ্নআহবায়ক কামাল হোসেন, বনিক সমিতির সাবেক সভাপতি আলহাজ্ব রফিক মিয়া, সাবেক সভাপতি আলহাজ্ব শমসের মল্লিক, আলহাজ্ব লিয়াকত আলী লিপু মোল্লা, আলাউদ্দিন মিয়া, শেখ আবু জাফর, বণিক সমিতির সাবেক সম্পাদক রবিউল হক, আলহাজ্ব আহম্মদ আলী, মও: আব্দুল কাদের, প্রধান শিক্ষক রবিউল ইসলাম খান, সরকারী কলেজের

ভারপ্রাপ্ত অধ্যক্ষ গোলাম সরোয়ার, ভাটা মালিক আলহাজ্ব ঠান্ডু রহমান, আমিনুল ইসলাম, আলহাজ্ব গোলাম রহমান সিঞ্জুল, মোহাম্মদ আলী, সাবেক চেয়ার আজিবার রহমান, আবু মুসা, ডা: একরামুল হক, হাবিবুল করিম চঞ্চল, মাফফুজুর রহমান মোল্লা, জাহাঙ্গীর আলম মোল্লা, ইকবাল হোসেন প্রমূখ।

আলমডাঙ্গায় সামাজিক সংগঠনের উদ্যোগে খাদ্য সামগ্রী বিতরণ

আলমডাঙ্গায় করোনায় ক্ষতিগ্রস্ত পরিবারের মাঝে খাদ্য সামগ্রী বিতরণ করা হয়েছে। শুক্রবার সকাল ১১ টার দিকে আনন্দধাম সড়কের আইন উদ্দিন মিয়ার চাতাল মোড়ে এ ত্রাণ সামগ্রী বিতরণ করা হয়।

অস্ট্রেলিয়ার সামাজিক সংগঠন কেয়ার ফর হিউম্যানেটি ও সামাজিক সংগঠন উই ফর অল দুটি সংগঠনের যৌথ উদ্যোগে এ খাদ্য সামগ্রী বিতরণ করা হয়। প্রথম পর্যায়ে ২ শত ২০ জন দুস্ত মানুষের মাঝে ত্রাণ সামগ্রী বিতরণ করা হয়। খাদ্য সামগ্রী বিতরণ অনুষ্ঠানে রাজু এন্টারপ্রাইজের সত্বাধিকারী মকবুল হোসেনের সভাপতিত্বে প্রধান অতিথি ছিলেন পৌর মেয়র সভাপতি হাসান কাদির গনু।

বিশেষ অতিথি ছিলেন উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান অ্যাড. সালমুন আহমেদ ডন, বাবলু মাস্টার, আলমডাঙ্গা মহিলা ডিগ্রী কলেজের প্রভাষক শরিফুল ইসলাম লিটন, ব্যাংকার আব্দুল মতিন, হাজী রফিকুল আলম, পৌর আওয়ামীলীগের দপ্তর সম্পাদক মাসুদ সালেহীন উৎপল।

স্বাগত বক্তব্য রাখেন ইউ ফল অলের সাধারন সম্পাদক ক্রীড়া ব্যক্তিত্ব আব্দুর রাজ্জাক রাজু। প্রেস ক্লাবের সাধারন সম্পাদক হামিদুল ইসলাম আজমের উপস্থাপনায় উপস্থিত ছিলেন উই ফর অলের স্বপ্ন ঘর ফাউন্ডেশনের আলমডাঙ্গার পরিচালক শরিফুল ইসলাম রোকন, সদস্য জাহাঙ্গীর আলম, সুমন মাহমুদ প্রমুখ। পরে ক্যান্সার আক্রান্ত ভ্যান চালক নইমদ্দিনের স্ত্রী আঙ্গুরা খাতুনকে ৫ হাজার টাকা প্রদান করেন।

কোটচাঁদপুরে জাতীয় নিরপাদ সড়ক দিবস পালিত

“গতিসীমা মেনে চলি, সড়ক দূর্ঘটনা রোধ করি” এই প্রতিপাদ্য নিয়ে ঝিনাইদহের কোটচাঁদপুরে জাতীয় নিরপাদ সড়ক দিবস উদযাপন করা হয়েছে। দিবসটি উপলক্ষে উপজেলা প্রশাসনের আয়োজনে শুক্রবার বেলা ১১টার দিকে উপজেলা পরিষদ চত্তর থেকে একটি বর্ণাঢ্য র্যালী বের করা হয়।

র্যালীটি শহরের প্রধান প্রধান সড়ক প্রদক্ষিণ শেষে একই স্থানে শেষ হয়। এসময় উপস্থিত ছিলেন, উপজেলা নির্বাহী অফিসার মোঃ দেলোয়ার হোসেন, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্সের কোটচাঁদপুর ফায়ার স্টেশন অফিসার প্রদীপ কুমার, সাংবাদিক শেখ নজরুল ইসলাম, এসএম রায়হান উদ্দীন, মঈন উদ্দিন সহ উপপজেলায় বিভিন্ন দপ্তরে কর্মরত কর্মকর্তা-কর্মচারী ও থানা পুলিশ।

হাটগোপালপুরে পুলিশের সম্প্রীতি সমাবেশ ও মতবিনিময় সভা অনুষ্ঠিত

সকল প্রকার সহিংসতা প্রতিরোধে সম্প্রীতি সমাবেশ ও মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে। শুক্রবার বিকেলে হাটগোপালপুর পুলিশ ক্যাম্পের আয়োজনে বাজারে এই অনুষ্ঠান অনুষ্ঠিত হয়।

হাটগোপালপুর পুলিশ ক্যাম্পের ইনচার্জ এসআই রবি শংকর নাগ’র সভাপতিত্বে সম্প্রীতি সমাবেশে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, ঝিনাইদহ সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) শেখ মোহাম্মদ সোহেল রানা।

বিশেষ অতিথি ছিলেন পদ্মাকর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান সৈয়দ নিজামুল গণি লিটু, সাবেক চেয়ারম্যান বিকাশ কুমার বিশ্বাস, জেলা পরিষদের সদস্য ইমাজুল হক। অনুষ্ঠান পরিচালনা করেন, হাটগোপালপুর পুলিশ ক্যাম্পের এ এস আই এন্তাজ আলী।

অনুষ্ঠানের প্রধান অতিথি তার বক্তব্যে বলেন, কেউ বিশৃংখলা সৃষ্টির চেষ্টা করলে সে যেই হোক না কেন তাকে আইনের আওতায় আনা হবে। তিনি গ্রামবাসীদের উদ্দেশ্যে আরো বলেন এই কুচক্রী মহলকে নিয়ন্ত্রণে ও সকল প্রকার অপরাধ দমন করে শান্তি শৃঙ্খলা প্রতিষ্ঠায় পুলিশ-জনতা সবাই কাঁধে কাঁধ মিলিয়ে কাজ করতে হবে।

প্রিয় বাংলা পাণ্ডুলিপি পুরস্কার পাচ্ছেন মেহেরপুরের বরকত

২২ অক্টোবর শুক্রবার ‘প্রিয় বাংলা পাণ্ডুলিপি পুরস্কার’-এর এ বছরের বিজয়ী লেখকদের নাম ঘোষণা করা হয়।প্রতিবারের মতো এবারও মোট পাঁচটি ক্যাটাগরিতে পাঁচজন লেখককে বিজয়ী করা হয়েছে। বিজয়ীরা হলেন- প্রবন্ধে ড. আশরাফ পিন্টু, উপন্যাসে কামরুল হাছান মাসুক, গল্পে মুহাম্মদ বরকত আলী, কবিতায় আশ্রাফ বাবু এবং ছড়ায় আরিফুল ইসলাম সাকিব।

এর মধ্যে ড. আশরাফ পিন্টু তার রচিত ‘সাহিত্যের বিবিধ রতন’ পাণ্ডুলিপির জন্য মনোনীত হয়েছেন। কামরুল হাছান মাসুক উপন্যাস ‘হুজরাখানা’ এবং মুহাম্মদ বরকত আলী ‘পক্ষী জীবন’ শিরোনামের গল্পের পাণ্ডুলিপির জন্য বিজয়ী হয়েছেন। আশ্রাফ বাবু তার কবিতার পাণ্ডুলিপি ‘আঁধারে ঘামচিত্র’ এবং আরিফুল ইসলাম সাকিব ছড়ার পাণ্ডুলিপি ‘গাঁয়ের ছড়া মায়ের ছড়া’-এর জন্য পুরস্কার পেয়েছেন। প্রিয় বাংলার অফিসিয়াল ফেসবুকে আজ এ পুরস্কার ঘোষণা করা হয়।

বিগত ৫ বছর ধরে ধারাবাহিকভাবে এ প্রতিযোগিতার আয়োজন করে আসছে প্রিয় বাংলা। এই পাঁচ বছরে বিভিন্ন ক্যাটাগরিতে মোট ২৫ জন

লেখককে পুরস্কৃত করেছে তারা। পুরস্কারপ্রাপ্ত ৫টি পাণ্ডুলিপি গ্রন্থাকারে প্রকাশ হবে প্রিয় বাংলার খরচে। প্রত্যেক লেখক পাবেন ৫০০০ টাকা করে লেখক সম্মানী, সম্মাননা ক্রেস্ট, সনদ এবং আনুষ্ঠানিক স্বীকৃতি।

প্রিয় বাংলা পাণ্ডুলিপি পুরস্কার সাধারণত নবীন লেখকদেরকেই প্রদান করা হয়। এর কারণ জানতে চাইলে প্রিয় বাংলার প্রকাশক এস এম জসিম ভূঁইয়া জানান- “বিখ্যাত লেখকদের বই তো সব প্রকাশকই প্রকাশ করেন। নতুনদের বই প্রকাশে অনীহা অনেকের। নবীনদের মধ্যে অনেকেই আছেন যারা ভালো লেখেন, কিন্তু সুযোগের অভাবে নিজেদের প্রতিভার প্রকাশ করতে পারেন না। সেসব সুযোগ বঞ্চিত লেখকদের জন্যই প্রিয় বাংলার প্রতিবারের এই পুরস্কার আয়োজন।”

পুরস্কারপ্রাপ্ত সবগুলো পাণ্ডুলিপি বই আকারে পাওয়া যাবে ২০২২ বইমেলায় প্রিয় বাংলার স্টলে। এছাড়াও দেশের সকল অনলাইন বুকশপগুলো থেকেও এ বইগুলো কেনা যাবে। জানুয়ারির শেষ সপ্তাহে একটি অনুষ্ঠান আয়োজন করে বিজয়ী লেখকদের হাতে সম্মাননা তুলে দেবেন বলে আশাবাদ ব্যক্ত করেছেন প্রিয় বাংলার প্রকাশক।

কোটচাঁদপুরে মায়ের উপর অভিমানে শিশু শিক্ষার্থীর গলায় ফাঁস দিয়ে আত্মহত্যা

ঝিনাইদহের কোটচাঁদপুরে মায়ের উপর অভিমান করে বিথি খাতুন (১১) নামে চতুর্থ শ্রেণীর এক স্কুল শিক্ষার্থী গলায় ফাঁস দিয়ে আত্মহত্যা করেছে।

শুক্রবার বিকালে পৌর শহরের দুধসারা হটাত পাড়ায় এঘটনা ঘটে। খবর পেয়ে ফায়ার সার্ভিস কর্মীরা ঘটনাস্থল থেকে তাকে উদ্ধার করে উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নিয়ে আসলে কর্তব্যরত চিকিৎসক তাকে মৃত ঘোষণা করেন।

পরিবার সূত্রে জানা যায়, শুক্রবার দুপুরে দুই ভাই-বোন খেলা করতে গিয়ে ঝগড়া হয়। এসময় বিথির মা তাকে বকাবকি করে চড়-থাপ্পড় দেয়। বিথি মায়ের উপর অভিমান করে বাড়ির পাশে একটি লিচু গাছের ডালে ওড়না দিয়ে গলায় ফাঁস দেয়।

স্থানীয়রা শিশুটিকে ঝুলতে দেখে ফায়ার সার্ভিসকে খবর দিলে ফায়ার সার্ভিস কর্মীরা তাকে হাসপাতালে নেওয়ার আগেই শিশুটির মৃত্যু হয়।

কোটচাঁদপুর থানার অফিসার ইনচার্জ মঈন উদ্দিন বলেন, শিশু মৃত্যুর বিষয়ে শুনেছি। আমি ঘটনাস্থল পরিদর্শন করে বিস্তারিত খোঁজ নিব। মৃত বিথি ওই এলাকার সাইফুল ইসলামের মেয়ে ও স্থানীয় একটি স্কুলের শিক্ষার্থী।

আঃ রহমান বিশ্বাসের ১৪তম মৃত্যু বার্ষিকী পালন

ঝিনাইদহের হরিণাকুণ্ডু উপজেলার ভাতুড়িয়া গ্রামের মরহুম আব্দুর রহমান বিশ্বাসের ১৪তম মৃত্যু বার্ষিকী পালন করা হয়েছে। ২০০৮ সালের ২২অক্টোবর তিনি মৃত্যু বরণ করেন। তিনি দৈনিক ইত্তেফাক এর সিনিয়র সাব-এডিটর ও ঢাকা সাব এডিটর কাউন্সিলের সাবেক সভাপতি ও ডিইউজের কোষাধ্যক্ষ আশরাফুল ইসলাম ও ঝিনাইদহ প্রেসক্লাবের আইসিটি বিষয়ক সম্পাদক ও দৈনিক ঢাকা টাইমসের জেলা প্রতিনিধি শাহানুর আলমের বাবা। আব্দুর রহমান বিশ্বাস ছিলেন একজন দানশীল এবং সমাজ সেবক। তিনি ভাতুড়িয়া মাধ্যমিক বিদ্যালয়, ভাতুড়িয়া উত্তর পাড়া জামে মসজিদ ও ভাতুড়িয়া স্পোটিং ক্লাব প্রতিষ্ঠার মাধ্যমে অনন্য অবদান রেখে গেছেন। শুক্রবার বাদ জুম্মা গুড়পাড়া ভাতুড়িয়া জামে মসজিদে মরহুমের রুহের মাগফেরাত কামনা করে দোয়া ও মিলাদ মাহ্ফিল অনুষ্ঠিত হয়।